



আরইবি এক্স অফিসার্স এসোসিয়েশন REB Ex Officers Association (REOA)

স্মারক নং-REOA/EC/2025/008

তারিখ: ১১/৮/২০২৬

বিষয়: উপদেষ্টা কমিটির ১ম সভার কার্যবিবরণী।

REOA এর নবনির্বাচিত নির্বাহী কমিটির বিগত ১৭-১২-২০২৫ ইং তারিখের ১ম সভার ২ নং সিদ্ধান্ত অনুযায়ী গঠিত উপদেষ্টা কমিটির ১ম সভা বিগত ০৯/০৮/২০২৬ ইং তারিখে পবিবোর্ডসহ অবসরপ্রাপ্তদের জন্য নির্ধারিত কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় ৪ জন উপদেষ্টা জনাব মাহফুজুর রহমান, আব্দুর রহিম, পারভীন সুলতানা, হাজারী লাল সরকার ছাড়াও নির্বাহী কমিটির সভাপতি জনাব মো: নূরুল ইসলাম ভূঁইয়া ও সাধারণ সম্পাদক জনাব এস এম জাফর সাদেক উপস্থিত ছিলেন।

প্রধান উপদেষ্টা কতক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করা হয়।

আলোচ্যসূচী-১: REOA এর কর্মকাণ্ড পর্যালোচনা।

দায়িত্ব গ্রহণের পর বিগত প্রায় ৮ মাসে REOA এর কর্মকাণ্ড সম্বন্ধে নির্বাহী কমিটির পক্ষ থেকে জানানো হয় যে,

১। এই পর্যন্ত ৪(চার)টা সভা অনুষ্ঠিত হয়েছে।

২। গঠনতন্ত্র অনুযায়ী ২টা কমিটি এবং কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় উপ-কমিটি গঠন করা হয়।

৩। পবিবোর্ড চেয়ারম্যান এর সাথে সৌজন্য সাক্ষাৎ করা হয় এবং পরবর্তীতে বর্তমান কক্ষটি ব্যবহার করার কতৃপক্ষীয় সিদ্ধান্ত পাওয়া যায়।

৪। REOA সদস্যদের সাহায্যার্থে একটি কল্যান তহবিল গঠন করা হয় এবং এখান থেকে মরহুম রফিকুল হক ও মরহুম আবুল কাসেম সরকারকে তাঁদের জীবদ্দশায় যথাসাহ্য অর্থ সহায়তা দেয়া হয়।

৫। REOA এর পক্ষ থেকে অসুস্থ সহকর্মীদের দেখতে যাওয়া এবং মৃতদের জানাজায় অংশগ্রহণ ও পরিবারকে সমবেদনা জানানো হয়।

৬। ১টা ব্রেকফাস্ট পার্টি ও ১টা ইদ পুনর্মিলনী কাম প্রীতিভোজ পার্টির আয়োজন করা হয়, এখানে অংশগ্রহণকারীদের স্বতঃস্ফূর্ততা ছিলো লক্ষণীয়।

৭। ৯৯জন মৃত সহ ৪২৪ জন প্রাক্তন কর্মকর্তার তালিকা প্রণয়ন করা হয়। উল্লেখ্য বার বার খসড়া প্রকাশ ও সংশোধন এর মাধ্যমে এই তালিকা পরিমার্জন করা হয়।

৮। একটা উপ-কমিটির মাধ্যমে কল্যাণ তহবিলের নীতিমালার খসড়া তৈরি করত সকলের মতামত এর ভিত্তিতে এটি বর্তমানে ইসি র অনুমোদনের অপেক্ষায় আছে।

উপস্থিত সকল উপদেষ্টাগণ উপরোক্ত কর্মকাণ্ডে সন্তোষ প্রকাশ করে নির্বাহী কমিটিকে বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করেন।

আলোচ্যসূচী ২: ভবিষ্যতের দিকনির্দেশনা ও পরামর্শ প্রদান।

সভায় REOA এর পরবর্তী করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়, অতঃপর নিম্নরূপ পরামর্শ/ দিকনির্দেশনা ও মতামত প্রদান করা হয়:

১। মরহুম জিয়াউদ্দিন মাহমুদ জীবিত থাকাকালীন যে ডাইরেক্টরী প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছিলেন তার আলোকে বর্তমান ৪২৪+ নূতন অন্তর্ভুক্ত জন প্রাক্তন কর্মকর্তাগণের ডাইরেক্টরী প্রণয়ন করা,

২। কল্যান তহবিলের সুবিধাভোগী হিসেবে প্রাক্তন কর্মকর্তাগণকেই রাখা, কর্মচারীদের বিষয়টা আপাতত না রাখা,

৩। পরবর্তী ব্রেকফাস্ট পার্টি পবিবোর্ড নবনির্মিত ক্যাফেটেরিয়া এবং ডিসেম্বরের এজিএম কাম পিকনিক ঢাকার উপকণ্ঠে কোন সুবিধাজনক রিসোর্টে আয়োজন করা,

৪। আজীবন সদস্যগণ কে একটি করে পরিচিতি নম্বর প্রদান করা।

অস্থায়ী কার্যালয় : বাড়ী- ৩১, রোড-১/ডি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯

www.reoabd.com



আরইবি এক্স অফিসার্স এসোসিয়েশন REB Ex Officers Association (REOA)

আলোচ্যসূচী ৩:গঠনতন্ত্র- সংশোধন বিষয়ক ।

REOA এর তিন স্তরের সাংগঠনিক কমিটির সদস্য নির্বাচন/মনোনয়নের ক্ষেত্রে বর্তমান গঠনতন্ত্র অনুসারে বয়সসীমা ও অন্যান্য কিছু আপাতত সংশোধন করার প্রয়োজন নেই, পরবর্তীতে অন্য কোনো বিষয়াদি প্রতিভাত হলে তা আলোচনা করে পরবর্তী ব্যবস্থা নেয়া যাবে ।

আলোচ্য সূচী-৪:বিবিধ।

১।IREOA এর ওয়েবসাইট(reoabd.com) বিভিন্ন তালিকা/তথ্য হালনাগাদ নেই । এ দিকটায় নজর রাখতে সংশ্লিষ্ট কর্মকর্তাকেঅনুরোধ করা হয় ।

২।স্বাস্থ্য সেবা বিশেষত ডায়াগনস্টিক সেন্টার ও দেশে- বিদেশে ভ্রমণের ক্ষেত্রে Travel Agency এর থেকে বিশেষ প্রণোদনার বেবস্থা করা যায় কিনা, দেখা যেতে পারে ।

৩। প্রাক্তন কর্মকর্তাগণ কর্মজীবনের দীর্ঘ অভিজ্ঞতায় সমৃদ্ধ ।তাদের Expertise কে REB তে উপদেষ্টা বা প্রশিক্ষণ কাজে ব্যবহার করতে উদ্যোগ নেওয়া যেতে পারে ।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মাহফুজুর রহমান)
প্রধান উপদেষ্টা



আরইবি এক্স অফিসার্স এসোসিয়েশন REB Ex Officers Association (REOA)

এস এম জাফর সাদেক
সাধারণ সম্পাদক

মো: নূরুল ইসলাম ভূঞা
সভাপতি

অস্থায়ী কার্যালয় : বাড়ী- ৩১, রোড-১/ডি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯

www.reoabd.com